

রেজিঃ গ্রাজুয়েট, নির্বাচন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের  
দুটি কেন্দ্রে ভোট  
গ্রহণ আজ ও কাল

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটে ২৫ জন রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচনে কেন্দ্রীয়ভাবে ভোটগ্রহণ শুরু হচ্ছে আজ। দু'দিন ধরে সকাল ৯টা থেকে ৫টা পর্যন্ত ভোট গ্রহণ হবে টিএসসি ও ঢাকা বিশ্ববিদ্যালয় শরীরচর্চা কেন্দ্রে।

৪টি পৃথক প্যানেলসহ মোট ২১১ জন প্রার্থী এ নির্বাচনে অংশ নিয়েছেন, ভোটার সংখ্যা ৩১ হাজার ৪শ' ১৭।

গণতান্ত্রিক ঐক্য পরিষদকে বিজয়ী করার আহ্বান জানিয়ে ১১০ জন শিক্ষক গতকাল সোমবার এক যুক্ত বিবৃতি দিয়েছেন। বিবৃতিদাতাদের মধ্যে রয়েছেন, অধ্যাপক রঙ্গলাল সেন, অধ্যাপক সুলতানা শফি, অধ্যাপক শ ম ইমামুল হক, অধ্যাপক ইফতেখার গনি চৌধুরী, গোলাম রক্বানী, অধ্যাপক শান্তি নারায়ণ ঘোষ, অধ্যাপক শরীফুল্লাহ উইয়া, অধ্যাপক রতন লাল চক্রবর্তী, ডঃ অজয় কুমার দাস, এ কে এম গোলাম রক্বানী। বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোটের ১৫১ জন নেতৃবৃন্দ এক বিবৃতিতে ঐক্যই আহ্বান জানিয়েছেন। জোটের পক্ষে বিবৃতি দিয়েছেন, আলমগীর কুমকুম, তারানা হালিম, আলী যাকের, আসাদুজ্জামান নূর, ডঃ ইনামুল হক, খায়রুল আলম সবুজ, খালেদ খান, ফাহুদী হামিদ, মাহমুদ কলি, ফারুক, শাকিল খান, শমী কায়সার প্রমুখ।

প্রগতি পরিষদ : প্রগতি পরিষদ নেতৃবৃন্দ অভিযোগ করেছেন : ৭৩-এর অধ্যাদেশ অপমানিত ও লঙ্ঘিত হচ্ছে। নির্বাচন উপলক্ষে গতকাল বিকেলে টিএসসিতে এক সাংবাদিক সম্মেলনে তারা এ অভিযোগ করেন।

এ সময় লিখিত বক্তৃতা পাঠ করেন অধ্যাপক ডঃ সিরাজুল ইসলাম চৌধুরী। উপস্থিত ছিলেন অধ্যাপক এ এন রাশেদা, সাংবাদিক নেতা হাবিবুর রহমান মিলন, এডভোকেট জেড আই খান পান্না, অধ্যাপক নুমাইয়া খানম প্রমুখ। তারা প্রগতি পরিষদের প্রার্থীদের জয়ী করার আহ্বান জানান।